রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ২৮, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৮ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ/২২ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

এস.আর. ও. নং ১৬০-আইন/২০২০।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩৩-এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের অনুচ্ছেদ ১৪০(২) এর বিধান মোতাবেক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। শিরোনাম।—এই বিধিমালা মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন উন্নয়ন প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(২) "তপশিল" অর্থ এই বিধিমালার তপশিল;

(৩) "নিয়মিতকরণ" অর্থ রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণ;

(৪) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী;


মূল্য : টাকা ৮.০০

(৫) "প্রকল্প" অর্থ তপশিলের কলাম (১) এ উল্লিখিত প্রকল্প;

(৬) "প্রকল্পের কর্মচারী" অর্থ প্রকল্পের কোনো পদে নিয়োগপ্রাপ্ত হইয়া প্রকল্প সমাপ্ত হইবার তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে চাকুরিরত ছিলেন এইরূপ কোনো কর্মচারী;

(৭) "প্রকল্পের চাকুরিকাল" অর্থ প্রকল্পে যোগদানের তারিখ হইতে প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে কর্মরত কোনো কর্মচারীর চাকুরিকাল;

(৮) "রাজস্ব বাজেটের পদ" অর্থ প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত কোনো পদ; এবং

(৯) "সাময়িকভাবে পদায়নকৃত" অর্থ প্রকল্পের কোনো কর্মচারীকে রাজস্ব বাজেটের পদে অস্থায়ীভাবে পদায়ন বা নিয়োগ।

৩। বিধিমালার প্রাধান্য।—আপাতত বলবৎ অন্য কোনো বিধিমালা, আদেশ বা নির্দেশে যাহা কিছুই থাকুক না কেন, প্রকল্পের কর্মচারীদের ক্ষেত্রে এই বিধিমালার বিধানাবলি কার্যকর হইবে।

৪। রাজস্ব বাজেটে নিয়মিতকরণ পদ্ধতি।—(১) প্রকল্পের কর্মচারীকে নিম্নবর্ণিত শর্তে নিয়মিতকরণ করা যাইবে, যথা :—

(ক) তপশিলে বর্ণিত রাজস্ব বাজেটের পদে কর্মরত কর্মচারী, সংশ্লিষ্ট প্রকল্পে নিয়োগকালীন সময় সরকারের প্রচলিত নিয়োগ বিধি বা নিয়োগ পদ্ধতি বা সংশ্লিষ্ট প্রকল্পের জন্য সরকার কর্তৃক অনুমোদিত নিয়োগ বিধি, যদি থাকে, অনুসরণক্রমে নিয়োগপ্রাপ্ত হইয়া থাকিলে;

(খ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরির ধারাবাহিকতা থাকিলে; এবং

(গ) উক্ত কর্মচারীর রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণের পূর্বের চাকুরি সন্তোষজনক হইয়া থাকিলে।

(২) রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদায়নকৃত কোনো কর্মচারীর চাকুরি সন্তোষজনক হইলে, তিনি অবসরোত্তর ছুটি ভোগরত থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে ভূতাপেক্ষভাবে, ক্ষেত্রমত, অবসরোত্তর ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিতকরণ করা যাইবে।

(৩) কমিশনের আওতাভুক্ত কোনো পদে কমিশনের সুপারিশক্রমে এবং কমিশনের আওতাবহির্ভূত কোনো পদে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশক্রমে নিয়মিতকরণ করিতে হইবে।

৫। জ্যেষ্ঠতা নির্ধারণ।—(১) এই বিধিমালার অধীন নিয়মিতকৃত কোনো কর্মচারীর জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে তাহার চাকুরি নিয়মিতকরণের তারিখ হইতে গণনা করা হইবে।

(২) প্রকল্পে একই তারিখে নিয়োগপ্রাপ্ত একাধিক কর্মচারীর জ্যেষ্ঠতা নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা :—

(ক) প্রকল্পে নিয়োগের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং, যদি থাকে, এর ভিত্তিতে; এবং

(খ) দফা (ক) এ উল্লিখিত মেধা তালিকা বা প্রদত্ত নম্বরের গ্রেডিং না থাকিলে, সেইক্ষেত্রে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের বৎসরের ভিত্তিতে এবং উক্ত বৎসর একই বৎসর হইলে, সেইক্ষেত্রে বয়সের ভিত্তিতে।

(৩) প্রকল্পে পূর্বে নিয়োগপ্রাপ্ত কোনো কর্মচারী প্রয়োজনীয় কাগজপত্রের অভাবে, পদাধিকারীর ত্রুটির কারণে নহে, একই পদে পরে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর পূর্বে বা একই সঙ্গে নিয়মিত না হইয়া পরবর্তী সময়ে নিয়মিত হইলে, সেইক্ষেত্রে পরে নিয়মিত হওয়া সত্ত্বেও পূর্বে নিয়মিতকৃত কর্মচারীর উপর তাহার জ্যেষ্ঠতা নির্ধারিত হইবে।

(৪) নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর নিয়োগের তারিখ এবং নিয়মিতকৃত কর্মচারীর নিয়মিতকরণের তারিখ একই হইলে, সেইক্ষেত্রে নিয়মিতভাবে নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণ নিয়মিতকৃত কর্মচারীগণের উপর জ্যেষ্ঠতা পাইবেন।

৬। প্রকল্পের চাকুরিকাল গণনা।—নিয়মিতকৃত কোনো কর্মচারীর বেতন, ছুটি, পেনশন ও আনুষঙ্গিক সুবিধাদি নির্ধারণের ক্ষেত্রে তাহার প্রকল্পের চাকুরিকাল গণনা করা হইবে।

৭। অসুবিধা দূরীকরণ।—এই বিধিমালা কার্যকরকরণের ক্ষেত্রে কোনো অসুবিধা দেখা দিলে উক্ত অসুবিধা দূরীকরণার্থে সরকার, এই বিধিমালার সহিত যতদূর সম্ভব সঙ্গতি রক্ষা করিয়া, আদেশ দ্বারা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

## তপশিল

[বিধি-২(২)দ্রষ্টব্য]

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন সমাপ্ত প্রকল্প হইতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদসমূহের নাম ও পদের সংখ্যা :

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রকল্প শুরু ও সমাপ্ত হওয়ার তারিখ | পদের বিবরণ | পদ সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | "মৎস্য পণ্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ কার্যক্রম জোরদারকরণ কারিগরি প্রকল্প | শুরু : ০১ জুলাই, ২০০৫<br>সমাপ্ত : ৩১ ডিসেম্বর, ২০০৯ | (ক) বায়োকেমিস্ট<br>(খ) টেকনোলজিস্ট<br>(গ) মাইক্রোবায়োলজিস্ট<br>(ঘ) পরিদর্শক<br>(ঙ)কম্পিউটার অপারেটর<br>(চ) ল্যাবরেটরী এসিসটেন্ট<br>(ছ) ল্যাবরেটরী এটেনডেন্ট<br>(জ) ড্রাইভার<br>(ঝ) অফিস সহায়ক | ০২<br>০১<br>০২<br>০৯<br>০৭<br>০৩<br>০৪<br>০৪<br>০৩ |
| | | | মোট = | ৩৫ |
| ২। | ৪র্থ মৎস্য প্রকল্প | শুরু : ০১ এপ্রিল, ১৯৯৯<br>সমাপ্ত : ৩০ জুন, ২০০৬ | (ক) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা<br>(খ) মৎস্য কর্মকর্তা (হিলসা)<br>(গ) ভান্ডার রক্ষক<br>(ঘ) বার্তা বাহক | ৭৯<br>০১<br>০১<br>০১ |
| | | | মোট = | ৮২ |
| ৩। | মৎস্য অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক দক্ষতা জোরদারকরণ প্রকল্প | শুরু : ০১ অক্টোবর, ২০০৬<br>সমাপ্ত : ৩০ সেপ্টেম্বর, ২০১১ | প্রোগ্রামার | ০১ |
| | | | মোট = | ০১ |
| ৪। | উপকূলীয় সামুদ্রিক মৎস্য ব্যবস্থাপনা জোরদারকরণ প্রকল্প | শুরু : ০১ জুলাই, ১৯৯৭<br>সমাপ্ত : ৩০ জুন, ২০০২ | (ক) মেরিন ফিশারীজ অফিসার<br>(খ) উপ-সহকারী প্রকৌশলী<br>(গ) মেরিন ফিশারীজ সহকারী<br>(ঘ) অফিস সহকারী কাম মুদ্রাক্ষরিক<br>(ঙ) স্পীড বোট ড্রাইভার<br>(চ) মেরিন গার্ড (সিপাই)<br>(ছ) নৈশ প্রহরী। | ০২<br>০১<br>০৫<br>০৩<br>০৩<br>০৬<br>০৩ |
| | | | মোট = | ২৩ |
| ৫। | খাদ্য সহায়তায় মৎস্য সেক্টরে পল্লী উন্নয়ন প্রকল্প | শুরু : ০১ জুলাই, ১৯৯৭<br>সমাপ্ত : ৩০ জুন, ২০০১ | উপসহকারী প্রকৌশলী | ০৫ |
| | | | মোট = | ০৫ |
| | | | সর্বমোট = | ১৪৬ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ ইউসুফ হারুন
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.